

## ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক লাঞ্চিত

হল কমিটি গঠন নিয়ে দুই গ্রুপে উত্তেজনা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল কমিটি গঠন নিয়ে ছাত্রলীগের দুটি গ্রুপের মধ্যে উত্তেজনা অব্যাহত রয়েছে। ছাত্রলীগ সূর্যসেন হল শাখার কমিটি গঠনকে কেন্দ্র করে গত রোববার রাতে সংগঠনের কার্যালয়ে বিবদমান দুই গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা-ধাওয়া, হাতাতাতি এবং ভাংফুরের ঘটনা ঘটেছে। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক সম্পাদক দেলোয়ার হোসেনসহ উভয় গ্রুপের কয়েকজন নেতাকর্মী আহত হয়েছেন বলে জানা যায়।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সূর্যসেন হল শাখা ছাত্রলীগের সম্মেলন উপলক্ষে সংগঠন কার্যালয়ে হাউস বনার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত সভাপতি বেগ শাহীন জাহান এবং সাধারণ সম্পাদক এক এম আজিম কমিটি ঘোষণা না দিয়ে চলে যেতে চাইলে বিক্ষুব্ধ নেতাকর্মীরা কমিটি ঘোষণা দিয়ে যাওয়ার জন্য চাপ দেয়। তারপরও দুই নেতা চলে যেতে উদ্যত হলে বিক্ষুব্ধ নেতাকর্মীরা তাদের লাঞ্চিত করে।

এ ঘটনাকে কেন্দ্র করে বাগেরহাট-বরিশাল গ্রুপ এবং মাদারীপুর-শরীয়তপুর গ্রুপের মধ্যে উত্তেজনা দেখা দেয়। বাগেরহাট গ্রুপের একজন প্রভাবশালী নেতা সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এবং সাধারণ সম্পাদকের পক্ষ নিলে সংগঠন কার্যালয়ের বাইরে অবস্থানরত নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

বাগেরহাট বরিশাল গ্রুপের নেতাকর্মীরা মাদারীপুর-শরীয়তপুর গ্রুপের নেতাকর্মীদের পাটি অফিসে অবরুদ্ধ করে রাখে। রাত ৮টার সময় ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক বাসায় যাওয়ার জন্য রমনা ভবনের সামনে এলে সূর্যসেন হলের মনিরের নেতৃত্বে শিশির, সাইফুল, হাফিজ দেলোয়ারকে মারধর করে। এ নিয়ে দুপক্ষের মধ্যে দ্বন্দ্ব চরমে ওঠে। যে কোনো সময় রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটান সম্ভাবনা রয়েছে বলে জানা যায়।

এদিকে ছাত্রলীগের শৃঙ্খলা পরিপন্থী ও সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অপরাধে সূর্যসেন হলের শিশির, জহুরুল হক হলের নুরুজ্জামান, মুহসীন হলের দেলোয়ার, পনির এবং জিয়া হলের সাইফুল ও রিয়াদকে সংগঠন থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে।